# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫১২ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭৩]

২। তাহারাহ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২২. মোজার উপর মাসাহ করা।

باب الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، أَخْبَرَنَا أَبُو خَيْثَمَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ شَقِيقٍ، عَنْ حُذَيْفَةَ، قَالَ كُنْتُ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَانْتَهَى إِلَى سُبَاطَةِ قَوْمٍ فَبَالَ قَائِمًا فَتَنَحَّيْتُ فَقَالَ " ادْنُهْ " . فَدَنَوْتُ حَتَّى قُمْتُ عِنْدَ عَقِبَيْهِ فَتَوَضَّأَ فَمَسَحَ عَلَى خُفَّيْهِ .

বাংলা

৫১২-(৭৩/২৭৩) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া আত তামীমী (রহঃ) ..... হুযাইফাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি (কোন এক সফরে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিলাম। তিনি কোন এক জাতির ময়লা-আবর্জনা ফেলার জায়গা এসে পৌছলেন। অতঃপর সেখানে দাঁড়িয়ে প্রস্রাব করলেন, আমি তখন দূরে সরে গেলাম। তিনি বললেন, কাছে এসো। আমি তার নিকটে গেলাম এমনকি একেবারে তার পিছনে গিয়ে দাঁড়ালাম। তিনি ওযু করলেন। অতঃপর তার উভয় মোজার উপর মাসাহ করলেন। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৫১৫, ইসলামিক সেন্টারঃ ৫৩১)

## English

Chapter: Wiping over the khuff (leather socks)

Hudhaifa reported: I was with the Messenger of Allah (ﷺ) when he came to the dumping ground of filth belonging to a particular tribe. He urinated while standing, and I went aside. He (the Holy Prophet) asked me to come near him and I went so near to him that I stood behind his heels. He then performed ablution and wiped over his socks.

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম 'পেশাব করলেন', হাদীসের এ অংশে কিছুটা সংকোচন করা হয়েছে। কারণ বিস্তারিত বর্ণনায় এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম কোনো এক বাগানের পিছনে ময়লা ফেলার জায়গায় গেলেন, সেখানে কারো কারো মতো দাঁড়িয়ে পেশাব করার ইচ্ছা করলেন, আমি দূরে সরে দাঁড়ালাম কিন্তু তিনি আমাকে তাঁর পিছনে দাঁড়াতে বললেন, যাতে তাকে দেখা না যায়, তিনি তার প্রয়োজন পুরা না করা পর্যন্ত আমি সেখানে দাঁড়িয়ে থাকলাম। তারপর...।

হুযাইফা ইবনুল ইয়ামান রাদ্বিয়াল্লাহু 'আনহু কর্তৃক হাদীসটি বর্ণনার পিছনে একটি ঘটনা আছে। আর তা হচ্ছে, আবু ওয়ায়েল শাক্বীক ইবন আবদুল্লাহ বলেন, আবু মূসা আল আশআরী রাদ্বিয়াল্লাহু আনহু পেশাব করার ব্যাপারে খুব সাবধান থাকতেন। এমনকি তিনি বোতলে পেশাব করতেন; যাতে করে সেটার কোনো অংশ কারো গায়ে না লাগে। আর তিনি বলতেন, বনী ইসরাঈলদের যদি চামড়ায় পেশাব লাগত তাহলে তারা সেটাকে কাঁচি দিয়ে কেটে ফেলত। তখন হুযাইফা ইবনুল ইয়ামান রাদ্বিয়াল্লাহু 'আনহু বললেন, তোমাদের এ লোক (আবু মূসা উদ্দেশ্য) এতো কঠোরতা না করলেও কিছু হবে না। কারণ আমি একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলাম, তিনি পেশাব করার ইচ্ছা করলেন, সেখানে কোনো এক বাগানের পিছনে গেলেন, সেখানে ডাস্টবিনের কাছে দাঁড়িয়ে পেশাব করতে চাইলেন। আমি বেশ দূরে সরে গেলাম; কিন্তু রাসূল (সা.) আমাকে কাছে ডেকে নিলেন, যাতে করে পেশাবের সময় এভাবে সবার দূরে সরে যাওয়া সুন্নাত না হয়ে পড়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তাকে কাছে ডাকার পর একেবারে নিজের গোড়ালীদ্বয়ের খুব কাছে দাঁড়াতে বললেন, যদিও পেশাবের ছিটা আসার সম্ভাবনা ছিল। তারপরও তিনি বাড়াবাড়ি পছন্দ করেননি। সুতরাং আবু মূসা আল আশআরী রাদ্বিয়াল্লাহু 'আনহু কর্তৃক এমন বাড়াবাড়ি করার কোনো সংগত কারণ নেই। যদি তা থাকতো তবে রাসূল তা অনুমোদন করতেন এবং হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহুর দূরে সরে যাওয়ারই প্রশংসা করতেন। কিন্তু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম এ জাতীয় বাড়াবাড়ি থেকে মুক্ত রাখার জন্যই হুযাইফা রাদ্বিয়াল্লাহু 'আনহুকে কাছে ডেকে নিলেন। [দেখুন, মুসলিম: ২৭৩]

হাদীসের শিক্ষা

১. অত্র হাদীসে আলোচ্য বিষয়টি ছিল মদীনায় যা দ্বারা সফর ছাড়াও মোজার উপর মাসাহ করার বৈধতা বর্ণিত হয়েছে। সুতরাং, মুকীম বা অবস্থানরত অবস্থাতেও মোজার উপর মাসাহ করা জায়েয হওয়া।

২. একজন মানুষ কোনো মহান ব্যক্তিকে বলতে পারেন যে, তিনি পেশাব করলেন।

৩. পা ধোয়ার পরিবর্তে মোজার উপর মাসাহ করা বৈধ।

৪. দীনের মধ্যে বাড়াবাড়ি অবৈধ।

৫. কোনো কোনো বর্ণনায় দাঁড়িয়ে পেশাব করার বিষয়টিও এসেছে, তার অর্থ, আমাদের এ দীন অত্যন্ত সহজ। পরিস্থিতি অনুসারে ছাড়াও গ্রহণ করা উত্তম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47270

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন